দামুড়হুদায় ৫০ মিটারের ব্যবধানে ২টা ইট ভাটা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের তারিনী পুরে নিয়ম নীতির তোয়াক্কা না করে, কৃষি জমিতে ৫০ মিটারের ব্যবধানের মধ্যে গড়ে উঠেছে দুইটি ইট ভাটা।

পরিবেশ অধিদপ্তরে নাম মাত্র আবেদন করে ছাড় পত্র ছাড়াই ইট ভাটা মালিকরা আবাদি জমি ও জনবসতি এলাকায় রাত দিন ইট পোড়ানোর কাজ চালিয়ে যাচ্ছেন। ইট ভাটার বিষাক্ত ছাই ও কালো ধোঁয়ায় ফলন হ্রাসের আশঙ্কা দেখা দিয়েছে, শত শত একর জমির বোরো ধান, রবিশস্য, এবং আমসহ বিভিন্ন ফসলের।

সেই সাথে স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছে ইট ভাটার পাশ্ববর্তী এলাকার সাধারণ মানুষ।

সরজমিনে গিয়ে দেখা যায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রাম পুর-তারিনী পুর গ্রামে বিস্তীর্ণ কৃষি জমিতে মেসার্স নিউ শেখ ব্রিকস ও হেড ব্রিকস নামের দুইটি ইট ভাটা গড়ে উঠেছে।

এসব ইট ভাটার একটিও পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নেই, পরিবেশ অধিদপ্তরের নাম মাত্র আবেদন করে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ থেকে ট্রেড লাইসেন্স নিয়ে চলছে ইট পোড়ানোর কাজ। ইট ভাটার আয়তন দুই একরের মধ্যে সীমাবদ্ধ রাখার নিয়ম থাকলেও বিস্তৃর্ণ এলাকা দখলে নিয়েছেন তারা। ভরাট করেছেন পানি নিষ্কাশনের পথ। স্থানীয়দের অভিযোগ, ইট ভাটার মালিকরা প্রভাবশালী হওয়ায় সরকারি নিয়ম নীতির তোয়াক্কা করছেন না।

জয়রাম পুরের কৃষক বজলু, তাহের, রমজান, মনিরুল, জানান ইট ভাটার মালিকরা জমি ভাড়া নিয়ে ইট পোড়ানোর কাজ করছেন। এসব ইট ভাটার কালো ধোঁয়ায় পাঁচ ছয় বছর ধরে বোরো ও আমন ধানের ফলন বিঘা প্রতি ছয় সাত মণ কমে এসেছে, ভাটার কালো ধোঁয়া সব চেয়ে বেশি ক্ষতি করছে বিভিন্ন বাগানের, ধোঁয়ার বিষক্রিয়ায় কয়েক বছর ধরে এ এলাকায় আম, কাঁঠাল, নারকেল সহ বিভিন্ন ফল ধরাও কমে গেছে।

উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান জানান, জমির উপরিভাগের মাটি দিয়ে ইট তৈরি করার কারণে ওই এলাকার জমির উর্বরা শক্তি দিন দিন

কমে যাচ্ছে, এটা কৃষির জন্য মারাত্মক হুমকি, শিগগিরই দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসারের সাথে এ বিষয়ে আলোচনা করা হবে।

ঝিনাইদহে জেলা বিএনপির সাথে কেন্দ্রীয় সেচ্ছাসেবক দলের মতবিনিময় সভা

ঝিনাইদহ জেলা বিএনপির সাথে কেন্দ্রীয় সেচ্ছাসেবক দলের নেতৃবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় শহরের এইচএসএস সড়কে দলটির কর্যালয়ে জেলা বিএনপির আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক জাহিদুজ্জামনা মনার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ, কেন্দ্রীয় স্বেচ্ছাসেক দলের সহ-সভাপতি আলহাজ্ব জামির হোসেন,

খুলনা বিভাগীয় সহ-সভাপতি তৈয়বুর রহমান, কেন্দ্রীয় কমিটির যুগ্ম-সম্পাদক ডি জেড এম হাসান বিন শফিক, সহ-সাধারণ সম্পাদক মোফাজ্জেল হোসেন নিটোল, আকরাম হোসেন, খুলনা বিভাগীয় সহ সাংগঠনিক সম্পাদক গালিব ইমতিয়াজ নাহিদ, কেন্দ্রীয় কমিটির সহ-সাধারণ সম্পাদক এ্যাড. শহীদুল ইসলাম, কোষাধ্যক্ষ কামরুজ্জামান জাপান, সহ-সাংগঠনিক সম্পাদক রবিউল ইসলাম পলাশ, জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক আক্তারুজ্জামান, এ্যাড, মুন্সী কামাল আজাদ পান্নু।

বক্তারা, দলকে সুসংগঠিত করে আগামী দিনে আন্দোলন সংগ্রাম সফল করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

ঝিনাইদহে আবাদি জমিতে খাল খননের প্রতিবাদে বিক্ষোভ

ঝিনাইদহে আবাদি জমিতে বিএডিসি কর্তৃক খাল খননের সিন্ধান্তের প্রতিবাদে বিক্ষোভ করেছে এলাকাবাসী।

বৃহস্পতিবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে সিন্ধান্ত বাতিলের দাবিতে বিক্ষোভ কর্মসূচি পালিত হয়। এ সময় সদর উপজেলার বাগডাঙ্গা, নাচনা, বদনপুর ও হামদরডাঙ্গা গ্রামের শত শত কৃষক অংশ নেয়।

বাগডাঙ্গা গ্রামের কৃষক মকলেচুর রহমান নামের এক কৃষক বলেন, ৪ গ্রামের মাঝে অবস্থিত বিলে বিএনডিসি খাল খননের সিন্ধান্ত নিয়েছে। খাল খনন করা হলে আবাদি জমি নষ্ট হবে।

নাচনা গ্রামের জাহিদুল ইসলাম বলেন, বর্তমানে আমাদের জমিতে ৩ টি ফসল হয়। সরকার যে খাল খননের সিন্ধান্ত গ্রহণ করেছে তাতে আমাদের জমির ফসল হবে না। অনেকেই ৫ বা ১০ কাঠা জমি আছে। সেখানে খাল খনন করা হলে অনেকে না খেয়ে মরবে।

বিক্ষোভ থেকে কৃষকরা খনন না করার দাবি জানান। পরে তারা উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে স্বারকলিপি পেশ করেন।

হাজারো মানুষের শ্রদ্ধায় সমাহিত হলেন ভাষা সৈনিক মুসা

মিয়া

হাজারো মানুষের শ্রদ্ধা আর ভালবসায় সমাহিত হলেন ভাষা সৈনিক, শিক্ষানুরাগী ও রাজনৈতিক ব্যক্তিত্ব জাহিদ হোসেন মুসা মিয়া (৮৮)। তিনি বার্ধ্যকজনিত কারণে রাজধানীর এ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার দুপুরে ইন্তেকাল করেন।

গতকাল বুধবার বাদ জোহর ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠের ঈদগাহ ময়দানে মরহুমের দ্বিতীয় জানাযার নামাজে হাজার হাজার মানুষের ঢল নামে। এর আগে মঙ্গলবার সন্ধ্যা ৭টায় ঢাকায় তাঁর প্রথম জানাযার নামাজ অনুষ্ঠিত হয়।

বুধবার বেলা ১১টায় ঝিনাইদহের কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা সৈনিক জাহিদ হোসেন মুসা মিয়া’র মরদেহে শেষ শ্রদ্ধা নিবেদন করেন অতিরিক্ত সচিব হাসনুজ্জামান কল্লোল, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, জেলা পরিষদ সচিব রেজা ই রাফিন সরকার, সাবেক এমপি শহিদুজ্জামান বেল্টু, মসিউর রহমান,

জেলা বিএনপি’র আহবায়ক এস এম মশিউর রহমান, এছাড়াও শ্রদ্ধা নিবেদন করেন জেলা আওয়ামী লীগ, বিএনপি, ঝিনাইদহ পৌরসভা,ঝিনাইদহ প্রেস ক্লাব, সদর ও হরিনাকুন্ডু উপজেলা পরিষদ, জেলা ছাত্র লীগ, ছাত্র দল, সম্মিলিত সাংস্কৃতিক জোট, সদর হাসপাতাল, শহরের স্কুল ও কলেজসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের ব্যক্তিবর্গসহ সর্বস্তরের মানুষ।

তিনি ঝিনাইদহের বিশিষ্ঠ দানবীর, শিক্ষা অনুরাগী ও রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালস লিমিটেড এর চেয়ারম্যান নাসের শাহরিয়ার জাহেদী মহুল এর পিতা। মৃত্যুকালে তিনি স্ত্রী, ৬ পুত্র, ২ কন্যা সন্তানসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনা, মসজিদ, মাদ্রাসা, এতিম খানা প্রতিষ্ঠাসহ তার সেবা দানকারী প্রতিষ্ঠান জাহেদী ফাউন্ডেশন প্রতিষ্ঠার কারণে তিনার কথা সারা জীবন মানুষ মনে রাখবে।

জানাযা শেষ ঝিনাইদহ শহরের মহিষাকুণ্ডু পারিবারিক বকরস্থানে তার দাফন সম্পন্ন করা হয়।

শৈলকুপায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহর উদ্বোধন

ঝিনাইদহের শৈলকুপায় ৪২ তম জাতীয় বিজ্ঞান
ও প্রযুক্তি সপ্তাহ-২০২০ উদযাপন উপলক্ষে জাতীয় বিজ্ঞান সপ্তাহ এবং বিজ্ঞান মেলা
উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সহযোগিতায় ও শৈলকুপা উপজেলা প্রশাসনের আয়োজনে ১৮ নভেম্বর বুধবার উপজেলা পরিষদ মিলনায়তনে দুই দিনব্যাপী বিজ্ঞান মেলার শুভ উদ্বোধন করা হয় । এতে প্রধান অতিথি হিসাবে
উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু। সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: সাইফুল ইসলাম, বিশেষ
অতিথি ছিলেন সহকারি কমিশনার (ভ’মি) পার্থপ্রতিম শীল ও মহিলা ভাইস চেয়ারম্যান নিলুফা ইয়াসমিন। সহকারি অধ্যাপক আব্দুল ওহাব এর সঞ্চালনায়
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক,ছাত্র-ছাত্রীবৃন্দ,
উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও স্থানীয় সাংবাদিকগণ। উক্ত বিজ্ঞান মেলায় অংশ নেয়া উপজেলার ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের স্টল পরিদর্শন করেন
আগত অতিথি ও দর্শনার্থীরা।

বোনের বাড়ী বেড়াতে এসে কুমার

নদে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার বরদহ গ্রামে
বোনের বাড়ী বেড়াতে এসে খেলার সাথীদের সাথে গোসল করতে গিয়ে, কুমার
নদে ডুবে লামিয়া (৯) নামে এক শিশুর করুণ মৃত্যু হয়েছে। সে সাধুখালী
গ্রামের সাইফুল ইসলামের কন্যা এবং সাধুখালী প্রাথমিক বিদ্যালয়ের ৩য়
শ্রেণীর ছাত্রী ছিল।

শৈলকুপা থানার ওসি তদন্ত মোহসিন হোসেন জানান দুপুরে বাড়ির পাশে সমবয়সী খেলার সাথীদের সাথে কুমার নদে গোসল করতে যায় লামিয়া। সাঁতার
কাটার সময় হঠাৎ সে নিখোঁজ হয়। তার সাথে থাকা অন্য সাথীরা তাকে দেখতে
না পেয়ে খোঁজাখুঁজির এক পর্যায়ে পানিতে ভাসতে দেখে। সেখান থেকে তাকে উদ্ধার করে শৈলকুপা উপজেলা হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক
তাকে মৃত ঘোষণা করেন। এব্যপারে শৈলকুপা থানায় একটি ইউডি মামলা হয়েছে।

দৌলতপুরে রান্না ঘরের চুলার আগুনে ঘর ভষ্মিভূত

কুষ্টিয়ার দৌলতপুরে রান্না ঘরের চুলা থেকে অগ্নিকান্ডে ৪টি ঘর ভষ্মিভূত হয়েছে।

বুধবার (১৮ নভেম্বর) দুপুরে উপজেলার রামকৃষ্ণপুর ইউনিয়নের সৌদিপাড়া চর এলাকার রিফাতুল্লাহ ও তার ছেলে সাহাবুলের বাড়ীতে এ অগ্নিকান্ড ঘটে।

রান্না ঘরের চুলা থেকে অগ্নিকান্ডের সুত্রপাত ঘটে।এতে তাদের বসতবাড়ীর ৪টি ঘর ভষ্মিভূত হয়ে যায়।

রামকৃষ্ণপুর ইউনিয়নের চেয়ারম্যান সিরাজ মন্ডল জানান, কৃষক রিফাতুল্লাহ্র রান্না ঘরের চুলা থেকে অগ্নিকান্ডের সূত্রপাত হলে মুহুর্তের মধ্যে আগুন বাড়িতে ছড়িয়ে পড়ে। এলাকাবাসীর চেষ্টায় আগুন নিয়ন্ত্রন হলে রিফাতুল্লাহ ও তার ছেলে সাহাবুলের ৪টি ঘর পুড়ে ভষ্মিভূত হয়। আগুনে দুই পরিবারের ঘরের আসবাবপত্র, খাদ্য-শস্য ও অন্যান্য সম্পদসহ প্রায় ৩ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। বর্তমানে তারা খোলা আকাশের নীচে রয়েছে।

এস এম জামাল, কুষ্টিয়া থেকে।

রেলগেট নয় যেন মৃত্যুফাঁদ!

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার পুরাতন চড়াইকোল রেলগেট নামক স্থানটি রেলগেট লাইনের মধ্যে রাস্তা ভেঙে বড় গর্ত হয়ে সামান্য বৃষ্টিতেই কুষ্টিয়া-রাজবাড়ী -মহাসড়কের কুমারখালী রেলগেট এখন গণমানুষের মরন ফাঁদে পরিনত হয়েছে।

প্রতিনিয়ত ঘটছে বড় বড় দূর্ঘটনা। যেন দেখার কেউ নেই। কুমারখালী রেলগেট রাস্তার যে অবস্থা তাতে মানুষের ভোগান্তি চরমে পৌছেছে। রাস্তা ভেঙ্গে যাওয়ায় বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। ভাড়ী বাস, ট্রাক বিভিন্ন যানবাহনের চলাচলের সমস্যা হয়ে পড়েছে। একটু বৃষ্টি হলেই পানিতে গর্তগুলো ভরে যাওয়ায় গর্ত দেখার সুযোগ থাকে না। এ অবস্থায় গাড়ি চলতে গিয়ে ঐ গর্তের মধ্যে পড়ে গাড়ির এক্সেল, পাতিসহ বিভিন্ন যন্ত্রাংশ ভেঙ্গে রাস্তার উপর পড়ে থাকছে। ছোটছোট যানবাহনের ক্ষতিও হচ্ছে মারাত্বক।

বিশেষ করে দু চাকার যানবহন যেমন মোটরসাইকেল, বাইসাইকেল,আরোহীদের গর্তের কারনে পড়ে যাবার উপক্রম হয়।

এ সড়ক দিয়ে কুষ্টিয়া- রাজবাড়ী দূরপাল্লার কয়েক হাজার গাড়ি, স্থানীয় কয়েক হাজার গাড়ি যাতায়াত করে থাকে।

জনগনের ভোগান্তি লাঘব করতে জরুরী ভিত্তিতে কুষ্টিয়া-রাজবাড়ী মহাসড়কের কুমারখালী উপজেলার রেলগেট নামক স্থানটি রেলগেট মাঝখানে সড়কের রাস্তা পুরোপুরি ভাঙ্গা ভাঙ্গা অংশটি মেরামতের জন্য দাবী জানিয়েছে বিভিন্ন যানবাহন চালকেরা।

সোনালী ধান ঘরে তুলতে ব্যাস্ত কুষ্টিয়ার কৃষকরা

নবান্নের আনন্দে আমন ধান কাটার ধুম লেগেছে কুষ্টিয়া জেলার প্রতিটা এলাকায়। জেলায় আগাম জাতের আমন ধান কাটা মাড়াই চলছে পুরোদমে। মাঠের সোনালী ধান এখন ঘরে তুলতে ব্যস্ত এ অঞ্চলের কৃষকরা।

জেলা কৃষি সম্প্রসারণ বিভাগ জানায়, চলতি বছর আমন চাষে প্রতিকুল আবহাওয়া মোকাবিলা করতে হয়েছে ছয় উপজেলার কৃষকদের। কিন্ত বর্তমানে আবহাওয়া অনুকূলে থাকায় নির্বিঘ্নে ধান কাটা মাড়াই ও শুকানোর কাজ করতে পারছেন কৃষান-কৃষানিরা।

মাঠ জুড়ে সোনালী ধানের মৌ মৌ গন্ধে মনের আনন্দে কাজ করছেন তারা। কথা বলার মতো ফুরসত নেই তাদের।

ধান কেটে অনেক কৃষকই আঁটি বেঁধে কাঁধে করে, আবার অনেকেই বিভিন্ন যানবহনে বাড়িতে নিয়ে যাচ্ছেন। বাসা-বাড়ির উঠানে চলছে আগাম জাতের ধান মাড়াইয়ের কাজ। এসব ধান নিয়ে কৃষকের যেমন ব্যস্ততা তেমনি আনন্দও প্রচুর। অনেকের বাড়িতে চলছে শীতের সকালে ভাঁপা পুলি, তেল পিঠা, নতুন চালের পায়েস ও নাড়ু মুড়ির মুখরোচক খাবার।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদফতর সুত্রে জানা যায়, জেলার ছয় উপজেলায় ধানের বাম্পার ফলন হয়েছে। এই মৌসুমে জেলায় বেশিরভাগ জমিতে রোপা আমনের চাষ করা হয়েছে। মোট আবাদের মধ্যে রয়েছে সুগন্ধি ব্রি-ধান।

অপরদিকে, কয়েক দফার বন্যা এবং অতি বৃষ্টির কারণে নিম্মাঞ্চলের অনেক জমির ধান ক্ষতিগ্রস্ত হয়েছে।

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]